



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৩ ডিসেম্বর ২০১২

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ'র ১৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ৩দিন ব্যাপী কর্মসূচি শুরু হচ্ছে আগামীকাল
'ম্যারাথন দৌড় প্রতিযোগিতা' অনুষ্ঠিত হবে না

আগামী ২৬ ডিসেম্বর ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর ১৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে ইউপিডিএফ তিনদিন ব্যাপী (২৪-২৬ ডিসেম্বর) বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে সমাবেশ, শিশু র্যালী, প্রীতি ফুটবল ম্যাচ, চা চক্র ও মতবিনিময় সভা ইত্যাদি। আগামীকাল ২৪ ডিসেম্বর সোমবার খাগড়াছড়ির গুইমারায় সমাবেশ ও র্যালি আয়োজনের মধ্য দিয়ে এ কর্মসূচি শুরু হবে। তবে ২৬ ডিসেম্বর পানছড়ি হতে খাগড়াছড়ি সদর পর্যন্ত 'ম্যারাথন দৌড় প্রতিযোগিতা' আয়োজনের কর্মসূচি থাকলেও অনিবার্য কারণবশত: তা অনুষ্ঠিত হবে না।

যেখানে যেখানে কর্মসূচি পালিত হবে

২৪ ডিসেম্বর সোমবার খাগড়াছড়ির গুইমারায় সমাবেশ ও র্যালি, ২৫ ডিসেম্বর মঙ্গলবার রাঙামাটি জেলার নান্যাচরে শিশু র্যালি ও বাঘাইছড়িতে প্রীতি ফুটবল ম্যাচ এবং ২৬ ডিসেম্বর বুধবার সকাল সাড়ে ১০টায় খাগড়াছড়ি সদর ও মহালছড়িতে শিশু র্যালী অনুষ্ঠিত হবে। একইদিন (২৬ ডিসেম্বর) খাগড়াছড়ির দিঘীনালা, রাঙামাটির কাউখালী এবং বান্দরবানে চা-চক্র ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

এছাড়া ২৬ ডিসেম্বর সকালে খাগড়াছড়ি জেলা অফিস সহ সকল উপজেলা অফিস সমূহে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন ও বিপ্লবী সংগীত বাজানো হবে এবং অস্থায়ী শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।

